

আরো বিস্তারিত বিবরণ

ডিজ্‌এবিলিটি রাইটস্ কমিশন (ডিআরসি) হেলপলাইন Disability Rights Commission (DRC) Helpline

আপনার সঙ্গে যদি অন্যান্য আচরণ করা হয়ে থাকে
তাহলে বিনা খরচে পরামর্শ।

খোলা সকাল 08:00 থেকে সন্ধ্যা 20:00, সোমবার থেকে শুক্রবার
বিস্তারিত বিবরণের জন্য এই প্রচারপত্রের পিছনে দেখুন।

DRC ওয়েবসাইট-এ

(www.drcgb.org/knowyourrights/employment.asp)

এটাও দেখুন : 'Employment, health and disability –
Getting in, staying in and getting on'.

হেলপলাইন থেকে অন্যান্য বিষয় সম্পর্কেও কিছু তথ্যপত্র এবং

DRC ওয়েবসাইট-এ (www.drc-gb.org) কাজকর্ম সম্পর্কে বিশদ
পরামর্শ পাওয়া যায়।

ডিজ্‌এবিলিটি অ্যালায়ন্স (Disability Alliance)

Disability Rights Handbook (ডিজ্‌এবিলিটি রাইটস্ হ্যান্ডবুক)-এর
প্রকাশক, ট্যাক্স ফ্রেন্ডিট সম্পর্কে পরামর্শ দিতে পারে এবং প্রতিবন্ধী লোকজনের
জন্য বিভিন্ন সোশ্যাল সিকিউরিটি ভাতার বিষয়ে নেতৃস্থানীয় সংগঠন হিসাবে
পরিগণিত।

Disability Alliance

Universal House

88-94 Wentworth Street

London E1 7SA

টেলিফোন (সাধারণ এবং মিনিকম) : 020 7247 8776

ফ্যাক্স : 020 7247 8765

ডিজ্‌এবিলিটি গভ (Disability Gov)

ইউকে বা যুক্তরাজ্যে প্রতিবন্ধকতা-সংক্রান্ত আইনকানুন

এবং প্রতিবন্ধী লোকজনের বিভিন্ন অধিকার সম্পর্কে তথ্য

ওয়েবসাইট : www.disability.gov.uk

EMP6

অক্টোবর 2004

এই প্রকাশনা যদি আপনার অন্য কোন সংস্করণে এবং/অথবা ভাষায় দরকার হয়
তাহলে আপনার প্রয়োজন নিয়ে আলোচনা করার জন্য হেলপলাইন-এ
টেলিফোন করুন। এটা DRC ওয়েবসাইট-এও পাওয়া যায় :

www.drc-gb.org

DRC ল্যাংগুয়েজ লাইন সেবা দোভাষীর সহায়তার মাধ্যমে বিভিন্ন

জনসম্প্রদায়ের ভাষায় তথ্য সরবরাহ করে এবং এই সেবা পাওয়ার জন্য

DRC হেলপলাইন-এর সঙ্গে 08457 622 633 টেলিফোন নম্বরে

যোগাযোগ করতে হবে। আমাদের ওয়েবসাইট www.drc-gb.org থেকে

আপনি DRC হেলপলাইন-এ ই-মেইল করতে পারেন।

অন্যান্য যেসব প্রচারপত্র বর্তমানে পাওয়া যাচ্ছে

What are reasonable adjustments? (যুক্তিসঙ্গত রদবদল কি কি?)

Health and safety (স্বাস্থ্য ও নিরাপত্তা)

Discipline and dismissal (শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া ও বরখাস্ত করা)

Pensions (পেনসন)

Sick leave, sick pay and medical appointments

(অসুস্থতার কারণে ছুটি, অসুস্থতার সময়ে বেতন এবং ডাক্তারী অ্যাপয়েন্টমেন্ট)

Redundancy (অতিরিক্ত কর্মী ছাটাই)

Getting into work – my rights (কর্মজগতে প্রবেশ করার আমার অধিকারসমূহ)

☎ টেলিফোন 08457 622 633

☎ টেক্সটফোন 08457 622 644

ফ্যাক্স 08457 778 878

ওয়েবসাইট www.drc-gb.org

✉ পোস্ট DRC Helpline
FREEPOST MID 02164
Stratford upon Avon
CV37 9BR

প্রতিবন্ধকতা বৈষম্য আইন 1995 (DDA)-এর আওতায় কাদের বিভিন্ন অধিকার আছে?

1

চাকরি পাওয়ার এবং চাকরি বজায় রাখার প্রক্রিয়া
সম্পর্কে কিছু ব্যবহারিক পরামর্শ ও তথ্য প্রদানকারী
কয়েকটি প্রচারপত্র

আপনার যদি এমন কোন অক্ষমতা অথবা

দীর্ঘমেয়াদী স্বাস্থ্যগত সমস্যা থাকে যার দরুণ

আপনার দৈনন্দিন জীবনযাত্রা প্রভাবিত হতে

পারে, আপনি DDA'র আওতায় কিছু

অধিকার পাবেন।

● আমি কি প্রতিবন্ধী?

অক্ষমতা এবং স্বাস্থ্যগত অবস্থা নানা ধরনের হতে পারে এবং লোকজন তাদের দ্বারা ভিন্ন ভিন্ন ধরনে প্রভাবিত হয়ে থাকে। সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে যে DDA'এর সংজ্ঞা অনুসারে যে'সব লোক 'প্রতিবন্ধী' হিসাবে বিবেচিত তাদের 52 শতাংশ নিজেদের বর্ণনা করার জন্য 'প্রতিবন্ধী' শব্দটি ব্যবহার করে না। এমনকি আপনার অক্ষমতা বা অবস্থা যদি স্পষ্ট নাও হয় এবং আপনি নিজেকে প্রতিবন্ধী হিসাবে বর্ণনা নাও করেন তবুও আপনি কিছু অধিকার পাবেন।

বৈষম্যের বিরুদ্ধে লোকজনের সুরক্ষাবিধানের উদ্দেশ্যে DDA প্রণয়ন করা হয়েছিল। এই আইন লোকজনকে বিভিন্ন অধিকার প্রদান করে এবং নিয়োগকারীদের উপরে ও জনসাধারণকে বিভিন্ন সেবা সরবরাহকারী সংস্থাদের উপরে কিছু কর্তব্য আরোপ করে।

● আমি কি DDA'র আওতায় পড়বো?

DDA'এর সংজ্ঞা অনুসারে প্রতিবন্ধী বিবেচিত হওয়ার জন্য নিচের দুই পরিস্থিতি অবশ্যই আপনার ক্ষেত্রে প্রযোজ্য হতে হবে :

1 আপনার কোন 'শারীরিক বা মানসিক অক্ষমতা আছে

- **শারীরিক অক্ষমতা** বলতে বোঝায় এমন ধরনের কয়েকটা অবস্থা যেগুলি শরীরকে প্রভাবিত করে, যেমন আর্থরাইটিস্ বা বাত, কানে শোনার বা চোখে দেখার অক্ষমতা, ডায়াবেটিস্ বা বহুমূত্র রোগ, এপিলেপ্সী বা মৃগীরোগ, এইচআইভি, ক্যান্সার এবং মাল্টিপল্ স্ক্লি রোসিস্, এবং সেই সাথে মুখমণ্ডলের বিকৃতি।
- **মানসিক অক্ষমতা** বলতে বোঝায় শিক্ষালাভগত প্রতিবন্ধকতা এবং কয়েক ধরনের মানসিক স্বাস্থ্যগত অবস্থা, যেমন বিষণ্ণতা ও স্কিজোফ্রেনিয়া।

2 আপনার স্বাভাবিক দৈনন্দিন কাজকর্ম করার ক্ষমতার উপরে ঐ অক্ষমতার 'উল্লেখযোগ্য' এবং 'দীর্ঘমেয়াদী' নেতিবাচক প্রভাব আছে।

- একটা **উল্লেখযোগ্য অক্ষমতার** দরুণ আপনার কোন একটা কাজ করার ক্ষমতা ঐ অক্ষমতা নেই এমন কোন লোকের তুলনায় অনেক বেশী কঠিন ও সময়সাপেক্ষ হয়ে দাঁড়াবে।

- **মানসিক অক্ষমতা** বলতে বোঝায় যে আপনার অক্ষমতা 12 মাস বা তার বেশী সময় ধরে' চলছে, অথবা আপনার অবশিষ্ট জীবন ধরে' চলতে পারে।
- **স্বাভাবিক দৈনন্দিন কাজকর্মের** মধ্যে আছে চলাফেরা করতে পারা, হাতে-কলমে কাজ করতে পারার দক্ষতা, শরীরের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে সমন্বয়, মলমূত্রের বেগ ধারণ করতে পারা, কথা বলা, শোনা, দেখা, স্মৃতিশক্তি, মনঃসংযোগের ক্ষমতা, শিখতে ও বুঝতে পারার ক্ষমতা, এবং শারীরিক বিপদের ঝুঁকি সম্পর্কে সচেতনতা।

● DDA কিভাবে আমাকে সাহায্য করতে পারে?

DDA'এর সংজ্ঞা অনুসারে আপনি যদি প্রতিবন্ধী বিবেচিত হয়ে থাকেন, আপনার এইসব অধিকার থাকবে :

- কর্মসংস্থানের
- শিক্ষালাভের
- জিনিষপত্র, সুযোগ-সুবিধা এবং বিভিন্ন সেবা ব্যবহার করতে পারার
- জমি বা বাসস্থান ভাড়া নেওয়ার বা কেনার

DDA'এর আওতায় আপনার অধিকারগুলির মধ্যে আছে কেবলমাত্র বিশেষ কোন অবস্থার কারণে আপনার প্রতি অন্যায় আচরণ না হওয়ার। শিক্ষা, কর্মসংস্থান এবং বিভিন্ন জিনিষপত্র ও সেবা ব্যবহার করতে পারার ক্ষেত্রে, আপনার অধিকারগুলির মধ্যে থাকবে আপনাকে চাকরি পাওয়ায় সক্ষম করার জন্য, চাকরি বজায় রাখতে পারার জন্য অথবা বিভিন্ন সেবা ব্যবহার করতে পারার জন্য পরিস্থিতি বা শর্তাবলীতে যুক্তিসঙ্গত রদবদল করে' দেওয়া।